সরকারি আশেক মাহমুদ কলেজ,জামালপুর।

অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২১

একাদশ শ্রেণি

বিষয়ঃ সমাজকর্ম-প্রথম পত্র বিষয় কোডঃ ২৭১

(সৃজনশীল প্রশ্ন)

সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমানঃ ৭০

নিচের প্রদত্ত উদ্দীপকগুলো মনো্যোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো ৭টি প্রশ্নের উত্তর দাও।

১) তমা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী। সে এমন একটি বিষয় নিয়ে পড়াশুনা করছে যার চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এই বিষয়টিতে ৬০ কর্মদিবস ফিল্ড ওয়ার্ক করতে হয়। মানুষের কল্যাণ সাধন এবং সমস্যা সমাধানে সক্ষম করে তোলাই এর মূল লক্ষ্য।

ক) NASW-এর পূর্ণরূপ কি ? ১

খ) কোনটিকে সক্ষমকারী প্রক্রিয়া বলা হয় এবং কেন ? ২

গ) উদ্দীপকে কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে ? বুঝিয়ে লিখ। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত বিষয়ের গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

২) আমাদের দেশের মতো ইংল্যান্ডেও একসময় আর্থ-সামাজিক এবং দরিদ্র সমস্যায় নিমজ্জিত ছিল । ভিক্ষাবৃত্তি ব্যাপক বিস্তার লাভ করেছিল। সে সময় তৎকালীন সরকার একটি যুগান্তকারী আইন প্রণয়নের মাধ্যমে উক্ত সমস্যা সমাধানের চেষ্টা করেন। তাই আমাদের দেশেও উল্লেখিত আইনের প্রয়োগঃ করা যেতে পারে।

ক) Industry-শব্দের উৎপত্তি কোন শব্দ থেকে ? ১

খ) ত্রিমূখী ভূমিকা বলতে কি বোঝায় ? ২

গ) উদ্দীপকে কোন আইনের প্রতি ইঙ্গিত করা হয়েছে ? বিশ্লেষণ কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত আইনের বৈশিষ্ট্যগুলো বর্ণনা কর । ৪

৩) একসময় ‘ক’ দেশটিতে নানাবিধ সমস্যায় জর্জরিত ছিল। উক্ত সমস্যা মোকাবিলায় প্রখ্যাত অর্থনীতিবিধ জনাব মোস্তাফিজুর রহমানের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। কমিটি দীর্ঘ সময় নিয়ে একটি রিপোর্ট পেশ করে এবং তাতে কিছু সুপারিশ রাখা হয়। পরবর্তীতে তার সুপারিশের আলোকেই বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয় এবং দেশটি কল্যাণ রাষ্ট্রের মর্যাদা লাভ করে।

ক) পেশার ইংরেজি কি ? ১

খ) সামাজিক বিজ্ঞান বলতে কি বোঝায় ? ২

গ) উদ্দীপকে কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে ? বুঝিয়ে লিখ। ৩

ঘ) উদ্দীপকে **‘ক’**দেশ কোনটি এবংঐ দেশে উল্লেখিত রিপোর্টের অবদান আলোচনা কর। ৪

৪) ১৭৬০ সাল থেকে ১৮৫০ সাল পর্যন্ত সময় একটি বিশেষ ঘটনার জন্য খুবই গুরুত্বপূর্ণ। কারণ এ সময় ইউরোপ জুড়ে বিশেষ করে ইংল্যান্ডের ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করে। যার প্রেক্ষিতে মানুষের আর্থ-সামাজিক এবং রাজনৈতিক চিন্তাধারার ক্ষেতে ব্যাপক পরিবর্তন আসে।

ক) ইংল্যান্ডের ১ম দরিদ্র আইন কোনটি ? ১

খ) নির্ভরশীল বালক-বালিকা বলতে কি বোঝায় ? ২

গ) উদ্দীপকে কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে ? বুঝিয়ে লিখ। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত বিষয়ের বৈশিষ্ট্যগুলো বর্ণনা কর। ৪

৫ ) কামরুন্নাহার একজন পেশাদার সমাজকর্মী। তার নিকট একজন সাহায্যার্থী আসেন। তিনি তাকে অবহেলা না করে আন্তরিকতার সাথে গ্রহণ করেন। সমস্যা সমাধানের ক্ষেত্রে ব্যক্তিকে যথাযথ মূল্য ও মর্যাদা দেন। তার দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন করেন। ফলে তাদের মাঝে একটি সুসম্পর্ক গড়ে উঠে।

ক) ‘Introduction to social Welfare’’ গ্রন্থটি কার লেখা ? ১

খ) দরিদ্র আইন বলতে কি বোঝায় ? ২

গ) উদ্দীপকে কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে ?ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত বিষয়টি বিস্তারিত আলোচনা কর। ৪

৬) প্রফেসর সিরাজুল ইসলাম সামাজিক বিজ্ঞানের এমন একটি বিষয়ের অধ্যাপক যা সামাজিক সমস্যার কারণ উদঘাটনের পাশাপাশি সামাজিক সমস্যার বিজ্ঞানসন্মত সমাধান দিয়ে থাকে। শুধু তাই নয়,এটি পরিবর্তিত পরিস্থিতিতে কিভাবে খাপ খাওয়াতে হয় তারও আলোচনা রয়েছে।

ক) প্রতিরোধের ইংরেজি কি ? ১
খ) সামাজিক মূল্যবোধ বলতে কি বোঝায় ? ২
গ) উদ্দীপকে প্রফেসর সিরাজ সাহেবের বিষয় কোনটি ? ধারণা দাও। ৩
ঘ) উদ্দীপকে উল্লেখিত বিষয়টির লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা কর। ৪

৭ ) অষ্টাদশ শতাব্দীর শেষভাগ থেকে উনবিংশ শতাব্দীর মাঝামাঝি সময় পর্যন্ত ইংল্যান্ডের সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক, উৎপাদন ও যোগাযোগের ক্ষেত্রে এক সুদূরপ্রসারী পরিবর্তন পরিলক্ষিত হয়। পরবর্তীতে এর প্রভাব সারা বিশ্বে ছড়িয়ে পড়ে। এর নেতিবাচক সমস্যা মোকাবিলায় আধুনিক সমাজকর্মের সুত্রপাত হয়।

ক) ‘COS –এর পূর্ণরূপ কি ? ১
খ) সমাজসংস্কার বলতে কি বোঝায় ? ২
গ) উদ্দীপকে কোন পরিবর্তনের প্রতি ইঙ্গিত করা হয়েছে ?ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকে উল্লেখিত বিষয়ের নেতিবাচক প্রভাব আলোচনা কর। ৪

৮) রহিম ও মালেক দুই বন্ধু। পিতা-মাতার ইচ্ছানুযায়ী রহিম একটি ভালো বিষয় নিয়ে পড়াশুনা শেষ করে কর্মজীবনে প্রবেশ করেছে। অন্যদিকে মালেক পড়াশুনা না করেই কর্মজীবনে প্রবেশ করেছে। তবে তার কাজটি পরিবর্তন করা যায়। এর জন্য তাকে কোন নিয়মনীতি অনুসরণ করতে হয় না। কিন্তু রহিম ইচ্ছা করলেই তার কাজ পরিবর্তন করতে পারে না।

ক) কোনটিকে ‘Profession of practice ‘ বলা হয় ? ১
খ) সামাজিক স্বীকৃতি বলতে কি বোঝায় ? ২
গ) উদ্দীপকে রহিম ও মালেকের কাজটি কোন ধরণের ?এদের সমপর্ক লিখ । ৩
ঘ) উদ্দীপকে রহিম ও মালেকের কাজের পার্থক্য আলোচনা কর। ৪

৯) ইংল্যান্ডে দরিদ্রতা ও ভিক্ষাবৃত্তি দূর করার লক্ষ্যে অনেকগুলো আইন প্রণয়ন করা হয়। কিন্তু কোন আইন-ই দীর্ঘস্থায়ী সুফল আনতে পারেনি। তবে রাণী ১ম এলিজাবেথ কর্তৃক প্রণীত একটি আইন দীর্ঘসময় ধরে কার্যকর ছিল। অবশেষে এই আইনটিরও সংশোধনের প্রয়োজন পড়ে। ফলশ্রুতিতে আইনটি সংস্কার করা হয়।

ক) দানশীলতার ইংরেজি কি ? ১

খ) সম্পদের সদ্বব্যবহার বলতে কি বোঝায় ? ২

গ) উদ্দীপকে কোন আইনের প্রতি ইঙ্গিত করা হয়েছে ?ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত আইনের বৈশিষ্ট্যগুলো আলোচনা কর। ৪

১০) রহমান সাহেব একজন ধার্মিক ও দানশীল ব্যক্তি। তিনি প্রতি বছর তার সম্পদের একটি নির্দিষ্ট অংশ গরীবদের মাঝে প্রদান করে থাকেন। এটি ইসলাম ধর্মের অন্যতম একটি বিধান। যা গরীবদের হক এবং ধনীদের জন্য ফরয কাজ হিসেবে বিবেচিত।

ক) UNO এর পূর্ণরুপ কি ? ১

খ) সনাতন সমাজকল্যাণ বলতে কি বোঝায় ? ২

গ) উদ্দীপকে রহমান সাহেবের দান কি নামে পরিচিত ? ধারণা দাও। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত বিষয় ফরজ হওয়ার শর্তগুলো উল্লেখ কর। ৪

১১) নিচের ছবিটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও ।



ক) ওয়াকফ শব্দের অর্থ কি ? ১

খ) বায়তুল মাল বলতে কি বোঝায় ? ২

গ) উদ্দীপকে প্রদর্শিত ব্যক্তির পরিচয় দাও । তিনি এত বিখ্যাত কেন? ৩

ঘ) সমাজসংস্কারে উল্লেখিত ব্যক্তির অবদান বর্ণনা কর। ৪